

## তথ্য সেবা প্রদানের জন্য কমিশন কর্তৃক গৃহীত ব্যবস্থাঃ

- কমিশনের নিজস্ব লাইব্রেরিতে বিভিন্ন লিস্টেড কোম্পানি, বিএসইসি, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ (ডিএসই), চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ (সিএসই) ইত্যাদি প্রতিষ্ঠানের মাসিক, ত্রৈমাসিক, বার্ষিক ও অন্যান্য প্রতিবেদনসহ বিভিন্ন তথ্য পাওয়া যায়;
- কমিশনের নিজস্ব ওয়েবসাইটে ([www.sec.gov.bd](http://www.sec.gov.bd)) বিভিন্ন তথ্য (কমিশনের বার্ষিক প্রতিবেদন, ত্রৈমাসিক প্রতিবেদন, বিভিন্ন আইন ও প্রয়োজনীয় লিংক ইত্যাদি) পাওয়া যায়;
- কমিশনের লাইব্রেরিতে সিকিউরিটিজ মার্কেট সম্পর্কিত আইন সম্বলিত বই 'সিকিউরিটিজ সংক্রান্ত অধ্যাদেশ, আইন ও বিধি-বিধান' বিক্রয়ের ব্যবস্থা আছে;
- জনস্বার্থে যে কোন প্রয়োজনীয় তথ্য সরবরাহের নিমিত্তে সময় সময় কমিশন থেকে প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় এবং কমিশনের ওয়েবসাইটে তা প্রদর্শিত হয়। এছাড়াও প্রয়োজনবোধে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সংশ্লিষ্টদের নিয়ে প্রেস ব্রিফিং ও প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়ে আসছে; এবং
- তথ্য অধিকার আইনে কমিশনের একজন 'দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা' এবং 'আপিল কর্তৃপক্ষ' নিয়োগ করা হয়েছে।